

শিশু কল্যাণ ট্রাস্ট  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
www.skt.gov.bd



শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের সমন্বয়ে অনুষ্ঠিত ফেব্রুয়ারি ২০২১ মাসের ভারুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি	:	পরিচালক (অতিরিক্ত সচিব), শিশু কল্যাণ ট্রাস্ট
তারিখ	:	০৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:
সময়	:	বেলা ০২:০০ হইতে ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
স্থান	:	ভারুয়াল প্লাটফরম।
উপস্থিতি	:	সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অধ্যকার সভার আলোচ্যসূচি ভিত্তিক গৃহীত সিদ্ধান্তসমূহ অনুচ্ছেদ ওয়ারী নিম্নে বর্ণিত হলো।

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি
১	কর্মস্থলে অবস্থান করা।	কোভিড-১৯ এর কারণে বিদ্যালয় বন্ধ থাকলেও সকল কর্মকর্তা, শিক্ষক-কর্মচারীকে কর্মস্থলে অবস্থানের নির্দেশনা রয়েছে বিধায় তা যথাযথভাবে প্রতিপালন করা এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমোদন সাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(ক) কোভিড-১৯ এর কারণে বিদ্যালয় বন্ধ থাকলেও সকল শিক্ষক-কর্মচারীকে নির্দেশনা অনুযায়ী কর্মস্থলে আবশ্যিকভাবে অবস্থানকরে দাপ্তরিক কাজে অংশগ্রহণ করতে হবে। (খ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমোদন সাপেক্ষে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগ করতে হবে। এর ব্যত্যয় গ্রহণযোগ্য হবে না।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
২	শিক্ষার্থী ভর্তি বৃদ্ধিকরণ।	হোম ভিজিটের মাধ্যমে আগামী শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রীভর্তি বৃদ্ধির ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়।	হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী ভর্তি বৃদ্ধির ব্যবস্থা নিতে হবে। যে সকল বিদ্যালয়ে শিক্ষার্থী ১০০ (একশত) জনের নীচে তাদেরকে শিক্ষার্থী বৃদ্ধির জোর তৎপরতা চালাতে এবং শিক্ষার্থীর সংখ্যা অন্তত:১৫০ (একশত পঞ্চাশ) জনে উন্নীত করতে হবে। অন্যথায় এসমস্ত বিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
৩	রিওপেনিং পরিকল্পনা অনুসারে ক্লাস রুটিন তৈরী।	রিওপেনিং পরিকল্পনা অনুসারে ক্লাস রুটিন প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ১১/০২/২০২১ তারিখের মধ্যে রিওপেনিং পরিকল্পনা অনুসারে ক্লাস রুটিন ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	প্রধান শিক্ষক (সকল)
৪	বিদ্যালয় খোলার বিষয়ে প্রস্তুতি গ্রহণ।	সরকার বিদ্যালয় খোলার সিদ্ধান্ত গ্রহণ করলে পূর্ব থেকেই বিদ্যালয় পাঠদান উপযোগী করার প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত পত্র অনুসরণ করা প্রয়োজন।	বিদ্যালয় খোলার পূর্বে এবং বিদ্যালয়ে পাঠদান পরিচালনাকালে অনুসরণীয় স্বাস্থ্যবিধি সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
৫	ঘরে বসে শিখি কার্যক্রম।	সরকার কর্তৃক পরিচালিত “ঘরে বসে শিখি” কার্যক্রমে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সম্পৃক্ততা বাড়ানোর জন্য শিশু কল্যাণ প্রাথমিক	(ক) প্রত্যেক শিক্ষক প্রতিদিন অন্তত ৬ জন শিক্ষার্থী/অভিভাবকের সাথে মোবাইলে যোগাযোগ করে শিক্ষার্থীদের পড়াশোনা এবং স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)


ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি
		বিদ্যালয়ের শিক্ষকবৃন্দকে যথাযথ ভূমিকা পালনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	(খ) প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে বাড়ীর কাজ প্রদান এবং তা মনিটর করার ব্যবস্থা নিতে হবে। (গ) যে সমস্ত শিক্ষার্থীর পরিবারে স্মার্ট ফোন নেই তাদের পড়াশোনা অব্যাহত রাখার জন্য স্থানীয়ভাবে ব্যবস্থা নিতে হবে। (ঘ) প্রত্যেক শিক্ষক নিজ নিজ বিদ্যালয়ে গমনপূর্বক দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করবেন এবং কোন শিক্ষার্থী/ অভিভাবক সেখানে উপস্থিত হলে সামাজিক দূরত্ব বজায় রেখে তাদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। (ঙ) করোনাকালীন শিক্ষার্থীদের পাঠ অব্যাহত রাখা সংক্রান্ত সপ্তাহিক প্রতিবেদন ইত:পূর্বে প্রেরিত ছক মোতাবেক ই-মেইলে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	
৬	শিক্ষার্থীদের পাঠোন্নয়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।	কোভিড-১৯ এর কারণে বিদ্যালয়ে সাধারণ ছুটি থাকায় শিক্ষার্থীরা পড়াশোনায় ক্ষতিগ্রস্ত হয়। সে কারণে বিদ্যালয়ের বর্তমান অবস্থায় কিভাবে পাঠোন্নয়নের কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে শিক্ষকদের নিকট হতে সুপারিশ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	শিক্ষার্থীদের পাঠোন্নয়নের বিষয়ে শিক্ষকদের সুপারিশ ১১/০২/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সকল শিক্ষকগণের সমন্বয়ে সুপারিশমালা প্রনয়ণ করতে হবে।	প্রধান শিক্ষক (সকল)
৭	রিপোর্ট রিটার্ন যথাসময়ে দাখিল করা।	শিশু কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম সহজ গতিশীল ও আধুনিকায়ন করার স্বার্থে বিদ্যালয় সম্পর্কিত বিভিন্ন তথ্য বা রিপোর্ট চাওয়া হয়। কিন্তু সকল বিদ্যালয় হতে যথাসময়ে তা পাওয়া যায় না মর্মে আলোচনা হয়।	শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক চাহিত সকল প্রকার তথ্য যথা সময়ে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে। অন্যথায় এ বিষয়ে জবাবদিহি করতে হবে। জরুরী প্রয়োজনে প্রধান শিক্ষকগণের সাথে মোবাইলে যোগাযোগ করা হয়। এ জন্য সকল প্রধান শিক্ষক তাদের মোবাইল সর্বদা খোলা রাখবেন।	প্রধান শিক্ষক (সকল)
৮	যে কোন আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ সংক্রান্ত।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের যে কোন আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের যে কোন আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
৯	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের পাঠ সমাপ্তকারী শিক্ষার্থীদের সফলতা সংক্রান্ত।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় হতে শিক্ষা গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা প্রতিষ্ঠিত হয়েছে তাদের নামের তালিকা ট্রাস্ট অফিসে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় হতে শিক্ষা গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে সু-প্রতিষ্ঠিত ছাত্র-ছাত্রীদের তালিকা আগামী ১১/০২/২০২১ তারিখের মধ্যে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করতে হবে। পরিস্থিতি বিবেচনায় অবস্থার উল্লেখযোগ্য উন্নয়ন করলে তা যত ক্ষুদ্রই হোক তাদের তালিকা প্রদান করে মন্তব্য লিখতে হবে।	প্রধান শিক্ষক (সকল)
১০	শিক্ষকদের পাঠাভ্যাস বৃদ্ধি।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদেরকে অব্যাহত শিক্ষার (Continuous Learning) অংশ হিসেবে বিভিন্ন বিষয়ে পাঠাভ্যাস বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষককে অব্যাহত শিক্ষার (Continuous Learning) অংশ হিসেবে বিভিন্ন বিষয়ে পাঠাভ্যাস বৃদ্ধি করতে হবে। রুটিনভুক্ত পাঠাবই আবশ্যিকভাবে পড়তে হবে। পরিদর্শনকারী কর্তৃপক্ষ বিদ্যালয় পরিদর্শনকালে বিষয়টি যাচাই-বাচাই করে থাকেন।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)

25

১১	জেলা এবং উপজেলায় অনুষ্ঠিত মাসিক/সাপ্তাহিক সভায় অংশগ্রহণ।	জেলা এবং উপজেলা শিক্ষা অফিস কর্তৃক অনুষ্ঠিত মাসিক/সাপ্তাহিক ভার্চুয়াল সভাসমূহে প্রধান শিক্ষকগণের নিয়মিত অংশগ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়।	জেলা এবং উপজেলা শিক্ষা অফিস কর্তৃক আয়োজিত মাসিক/সাপ্তাহিক সভাসমূহে প্রধান শিক্ষকগণকে নিয়মিত অংশগ্রহণ করতে হবে। মাসিক/সাপ্তাহিক সভাসমূহে অংশগ্রহণে কোন সমস্যা থাকলে ট্রাস্ট দপ্তরকে অবহিত করতে হবে। এয়াবৎ কোন বিদ্যালয় থেকে কোন সমস্যার বিবরণ/খবর পাওয়া যায়নি।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
১২	শিক্ষার্থীদের প্রোফাইল তৈরী।	সকল শিক্ষার্থীর জন্য তাদের প্রোফাইল তৈরী করা প্রয়োজন। উক্ত প্রোফাইলে শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল নম্বর, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ব্লাড গ্রুপ (জানা থাকলে) ইত্যাদি তথ্য থাকবে। প্রোফাইলে শ্রেণি শিক্ষক কর্তৃক শিক্ষার্থীর পাঠোন্নয়ন এবং বিদ্যালয়ে আচরণ সংক্রান্ত বিষয়ে সময় সময়মত লিপিবদ্ধ করার বিষয়ে আলোচনা হয়।	সকল শিক্ষার্থীর জন্য তাদের প্রোফাইল তৈরী করতে হবে। উক্ত প্রোফাইলে শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল নম্বর, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ব্লাড গ্রুপ (জানা থাকলে) ইত্যাদি তথ্য থাকবে। প্রোফাইলে শ্রেণি শিক্ষক শিক্ষার্থীর পাঠোন্নয়ন এবং বিদ্যালয়ে আচরণ সংক্রান্ত বিষয়ে সময় সময় মত লিপিবদ্ধ করবেন।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
১৩	গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণ।	যে সমস্ত বিদ্যালয়ের সুযোগ রয়েছে সে সমস্ত বিদ্যালয় গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	যে সমস্ত বিদ্যালয়ের সুযোগ রয়েছে সে সমস্ত বিদ্যালয় গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে হবে। বেশ কয়েকজন শিক্ষক অংশগ্রহণ করেছেন বিধায় তাদেরকে আন্তরিক ধন্যবাদ দেয়া হয়।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
১৪	উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নগদে তথ্য আপলোডকরণ	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে যথাসময়ে নগদে তথ্যসমূহ আপলোড করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে যথাসময়ে নগদে তথ্যসমূহ আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। সমস্যার সৃষ্টি হলে সংশ্লিষ্ট মনিটরিং অফিসার এর সাথে আলোচনা করে সমস্যার সমাধান করতে হবে।	প্রধান শিক্ষক/ সহকারি শিক্ষক (সকল)
১৫	বিদ্যালয়ের জমি সংক্রান্ত	যে সকল বিদ্যালয়ের নিজস্ব জমি নাই সে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সংশ্লিষ্ট ভূমি অফিস হতে তথ্য সংগ্রহ করে দাগ ও খতিয়ান ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর অকৃষি খাস জমি প্রতীকী মূল্যে দীর্ঘ মেয়াদী বন্দোবস্তের জন্য আবেদন করত: অগ্রগতি প্রতি মাসে ট্রাস্ট অফিসকে অবহিত করা এবং উপজেলায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	যে সকল বিদ্যালয়ের নিজস্ব জমি নাই সে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সংশ্লিষ্ট ভূমি অফিস হতে তথ্য সংগ্রহ করে দাগ ও খতিয়ান ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর অকৃষি খাস জমি প্রতীকী মূল্যে দীর্ঘ মেয়াদী বন্দোবস্তের জন্য আবেদন করত: অগ্রগতি প্রতি মাসে ট্রাস্ট অফিসকে অবহিত করতে হবে। উপজেলায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।	প্রধান শিক্ষক (সকল)
১৬	বিদ্যালয়ে বাংলা ও ইংরেজী অভিধান রাখা	শিক্ষার্থীদের শুদ্ধভাবে বানান শেখানোর জন্য এবং শিক্ষকদের শুদ্ধ বানানে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত বাংলা বানান অভিধান, বাংলা হতে ইংরেজী এবং ইংরেজী হতে বাংলা অভিধান রাখার বিষয়ে আলোচনা হয়।	শিক্ষার্থীদের শুদ্ধভাবে বানান শেখানোর জন্য এবং শিক্ষকদের শুদ্ধ বানানে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত বাংলা বানান অভিধান, বাংলা হতে ইংরেজী এবং ইংরেজী হতে বাংলা অভিধান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত ব্যবহার করার জন্য শিক্ষকবৃন্দকে অনুরোধ জানানো হয়।	প্রধান শিক্ষক (সকল)

১৭	নিয়মিত ই-মেইল, ফেইস-বুক ও ম্যাসেঞ্জার চেক করা	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের অনেক গুরুত্বপূর্ণ তথ্য ই-মেইল, ফেইস-বুক ও ম্যাসেঞ্জারে প্রদান করা হয় বিধায় নিয়মিত চেক করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের অনেক গুরুত্বপূর্ণ তথ্য ই-মেইল, ফেইস-বুক ও ম্যাসেঞ্জারে প্রদান করা হয় বিধায় নিয়মিত তা চেক করার সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষকবৃন্দ সবগুলো বিষয় স্পষ্টভাবে জানাবেন ও সঠিক ব্যবহার করবেন।	প্রধান শিক্ষক/সহকারি শিক্ষক (সকল)
১৮	বিদ্যালয়ের নামের সাথে বিদ্যালয়ের ক্রমিক নম্বর ও ঠিকানা ব্যবহার করা	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের নামের সাথে বিদ্যালয়ের ক্রমিক নম্বর ও ঠিকানা ব্যবহারের বিষয়ে আলোচনা হয়।	শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় হতে সকল প্রকার পত্র যোগাযোগের ক্ষেত্রে নামের সাথে বিদ্যালয়ের ক্রমিক নম্বর ও ঠিকানা ব্যবহার করতে হবে।	প্রধান শিক্ষক/সহকারি শিক্ষক (সকল)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি অংশগ্রহণকারী সকল প্রধান শিক্ষকদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হাবিবুর রহমান)

পরিচালক (অতি: সচিব)

ফোন: ৫৫০৭৪৮৮১

ই-মেইল: [director@skt.gov.bd](mailto:director@skt.gov.bd)

২১৬ মাঘ ১৪২৭বঃ

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

স্মারকনং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫৩.২০- ৮৯৪

বিতরণ: অবগতি ও কার্যার্থে।

- ১। উপ-পরিচালক, শিশুকল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ২। সহকারি পরিচালক (শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৩। সহকারি পরিচালক (প্রশা: ও অর্থ), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৭। অফিস সহকারি (প্রশাসনিক/শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৮। পি এ টু পরিচালক/উপপরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৯। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ১০। প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট)।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)।
- ৭। সংরক্ষণ কপি।